বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

# জরুরি বিজ্ঞপ্তি

নং শা-১/৪১৫/সংস্থাপন

তারিখ ঃ ২৩.০৪.২০২০

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে সরকার কর্তৃক সাধারণ ছুটি বর্ধিত করার ঘোষণার প্রেক্ষিতে -

০১. সাধারণ ছুটি ও বুদ্ধ পূর্ণিমার ছুটিসহ আগামী ৬ মে, ২০২০ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্লাস, পরীক্ষা ও অফিসসমূহ বন্ধ থাকবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহও বন্ধ থাকবে।

০২. খামার ব্যবস্থাপনা শাখা, ডেয়েরি ফার্ম, পোল্ট্রি ফার্ম, কৃষিতত্ত্ব খামার গবেষণাগার, উদ্যানতত্ত্ব খামার, ফিশফার্ম, কৃত্রিম প্রজনন কেন্দ্র, গ্যারেজ এন্ড ওয়ার্কসপ, ভেটেরিনারি টিচিং হাসপাতাল, ওয়েদার ইয়ার্ড, পাওয়ার হাউজ, পানি সরবরাহ এবং যন্ত্র সংরক্ষণ শাখা (পিএবিএক্স) ন্যূনতম সংখ্যক কর্মচারির সাহায্যে চালু রাখতে হবে।

০৩. হেলথ কেয়ার সেন্টার, স্বাস্থ্য প্রতিষেধক শাখা এবং নিরাপত্তা শাখার কাজ যথারীতি চালু থাকবে।

০৪. বিশ্ববিদ্যালয়ের জরুরী কাজের প্রয়োজনে আগামী ০৩.০৫.২০২০ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ১.০০ ঘটিকা পর্যন্ত রোস্টার ডিউটির ব্যবস্থা করতে হবে। স্ব স্ব বিভাগ/শাখা/অফিস প্রধানগণ-কে প্রয়োজন অনুযায়ী তাঁদের অধীনস্থ ন্যূনতম সংখ্যক কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বাঃ/-রেজিস্ট্রার

মেমো নং শা-১/৪১৫ (১২০)/সংস্থাপন

তারিখ ঃ ২৩.০৪.২০২০

অবগতি ও প্রচারের প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১. সকল অনুষদীয় ডীন/কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি/ছাত্র বিষয়ক উপদেষ্টা।
২. রেজিস্ট্রার/ট্রেজারার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন।
৩. পরিচালক, জিটিআই/বাউরেস/বাউএক/প্রফেসর মুহাম্মদ হোসেন কেন্দ্রীয় ল্যাবরেটরী/প্রফেসর গোলাম আলী ফকির সীড প্যাথলজি সেন্টার /ইন্সটিটিউট অভ্ এগ্রিবিজনেস অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ/কৃষি মিউজিয়াম/পরিবহন/আইসিটি সেল/পিজিডি-ইন-আইসিটি প্রকল্প/ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি/ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুর‍্যান্স সেল/নিরাপত্তা কাউন্সিল/মাৎস্য বিজ্ঞান মাঠ গবেষণা কমপ্লেক্স/হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউট/ফিশ মিউজিয়াম অ্যান্ড জার্মপ্লাজম সেন্টার/ইন্টারন্যাশনাল ডেস্ক।
৪. সকল বিভাগীয় প্রধান।
৫. পরিচালক, ভেটেরিনারি টিচিং হাসপাতাল।
৬. সকল হলের প্রভোষ্ট এবং সুপার, পরমাণু বিজ্ঞানী ড.এম.এ ওয়াজেদ মিয়া পি-এইচ.ডি ডরমেটরি।
৭. প্রোক্টর।
৮. গ্রন্থাগারিক।
৯. চীফ মেডিক্যাল অফিসার।
১০. প্রধান খামার তত্ত্বাবধায়ক।
১১. প্রধান প্রকৌশলী।
১২. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা/ক্রীড়া প্রশিক্ষণ।
১৩. প্রধান যন্ত্র প্রকৌশলী।
১৪. এডিশনাল রেজিস্ট্রার (সংস্থাপন)-২/৩।
১৫. চীফ সিকিউরিটি অফিসার।
১৬. এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)।
১৭. এডিশনাল রেজিস্ট্রার (সংস্থাপন)-৪/৫ ।
১৮. সকল শাখা/অফিস প্রধান।
১৯. নির্বাহী মেডিক্যাল অফিসার, স্বাস্থ্য প্রতিষেধক শাখা।
২০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাকৃবি অতিথি ভবন ও কমিউনিটি সেন্টার।
২১. ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর সচিবালয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়-এর সদয় জ্ঞাতার্থে।
২২. উপ-পরিচালক, প্রো ভাইস-চ্যান্সেলর সচিবালয়। মাননীয় প্রো ভাইস-চ্যান্সেলর মহোদয়-এর সদয় জ্ঞাতার্থে।
২৩. গার্ড ফাইল, সংস্থাপন শাখা-১।

২৩/৪/২০২০
রেজিস্ট্রার